



শ্রেণি: নবম

বিষয়: বাংলা ১ম

আজকের পাঠ - নিমগাছ

শেখার -১

**উৎস:** বলাইচাঁদ মুখোপাধ্যায়ের 'অদৃশ্যলোক' গ্রন্থের অন্তর্ভুক্ত 'নিমগাছ' গল্পটি।

**নিমগাছ গল্পের বৈশিষ্ট্য:** নিমগাছ গল্পটি একটি রূপকধর্মী গল্প। নিমগাছের প্রতীকে সংসারে নারীর অবদান, অবস্থান, ও তার প্রতি অবহেলার চিত্র তুলে ধরা হয়েছে। একদিকে সাধারণ অর্থে নিমগাছের ঔষধি গুণ ও উপকারিতার দিকটি তুলে ধরা হয়েছে যার অন্তরালে বিশেষ অর্থে বাঙালি ঘরে গৃহকর্মে নিপুণা বউ অর্থাৎ বাঙালি ঘরের নারীদের ওপর নিষ্ঠুর আচরণের দিকটি তুলে ধরা হয়েছে।

#### জ্ঞানমূলক:

১. নিমপাতা শরীরের কোন অংশের জন্য ভারি উপকারী?
২. নিমের কচিডাল চিবোলে কী ভালো থাকে?
৩. নিমগাছের প্রশংসায় কে পঞ্চমুখ?
৪. বাড়ির পাশে নিমগাছ গজালে কারা খুশি হন?
৫. কবিরী কীসের পুজারি?
৬. বনফুলের প্রকৃত নাম কী?
৭. নিমগাছের কোন অংশ মানুষ কাঁচাই চিবিয়ে খায়?
৮. নিমগাছের কোন অংশ গরম তেলে ভাজা হয়?
৯. নিমের কচি পাতা কীসের সাথে খাওয়া হয়?
১০. 'নিমগাছ' গল্পটি কোন ধরনের গল্প?
১১. 'অদৃশ্যলোক' গ্রন্থটি কতসালে প্রকাশিত হয়?

#### অনুধাবনমূলক:

১. নিমগাছ বাড়ির কাছে গজালে বিজ্ঞরা খুশী হন কেন?
২. নিমগাছটার লোকটার সাথে চলে যেতে ইচ্ছে করে কেন?
৩. 'চর্মরোগের অব্যর্থ মহৌষধ' বলতে কী বোঝানো হয়েছে?
৪. নতুন লোকটা মুগ্ধ দৃষ্টিতে নিমগাছের দিকে চেয়ে রইলো কেন?
৫. 'মাটির ভেতরে শিকড় অনেকদূরে চলে গেছে'- ব্যাখ্যা কর।
৬. 'বাড়ির গৃহকর্ম-নিপুণা লক্ষ্মী বউটারও ঠিক একই দশা'- উদ্ধৃতিটি ব্যাখ্যা কর।

## সৃজনশীলপ্রশ্ন

১. গাছেরও যে প্রাণ আছে এবং দুঃখ-সুখের অনুভূতি আছে - এ কথা প্রমাণ করে দেখান বিজ্ঞানী জগদীশচন্দ্র বসু। তরলতা প্রাণহীন নয়। তারা আহাৰ করে, ঘুমায়, সুখ-দুঃখ অনুভব করে থাকে। তারা আঘাতে সাড়া দেয়। বৃদ্ধি পায় এবং জীবন শেষে মরে যায়। বিজ্ঞানী জগদীশচন্দ্র বসু আবিষ্কৃত বিখ্যাত যন্ত্র ক্রেস্কোগ্রাফ। তিনি ১৯৮৪ সালে ইংল্যান্ড ভ্রমণকালে অক্সফোর্ড, কেমব্রিজ ও রয়েল সোসাইটিতে তাঁর উদ্ভাবিত যন্ত্রের সাহায্যে প্রমাণ করেন যে জীবদেহের মতো বৃক্ষেরও প্রাণ আছে, তারাও আঘাতে উত্তেজনায় অনুরণিত হয়।
  - ক) 'নিমগাছ' গল্পটি বলাইচাঁদ মুখোপাধ্যায়ের কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?
  - খ) 'হঠাৎ একদিন একটা নতুন ধরনের লোক এল' - লোকটি কে এবং কেন এসেছিল?
  - গ) উদ্দীপক ও নিমগাছ গল্পে বৃক্ষ ও মানবজীবনের যে সাদৃশ্য সূচিত হয়েছে তা ব্যাখ্যা কর।
  - ঘ) উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের একটি বিশেষ দিককে ইঙ্গিত করে, সমগ্র দিক নয়। এ প্রসঙ্গে তোমার যৌক্তিক মতামত দাও।
২. বরের সামান্য আয়ে সংসার চলে না বলে পোশাকশ্রমিক হিসেবে কাজ শুরু করেন খোদেজা। ভোর থেকে সন্ধ্যা পর্যন্ত কাজ শেষে বাসায় ফিরে আবার সংসারের নানা কাজ। এত পরিশ্রমেও কারো সঙ্কষ্টি পান না তিনি। যেন বিনা বাক্য ব্যয়ে কেবল পরিশ্রম করার জন্য তার জন্ম।
  - ক) বনফুল কোন উপাধিতে ভূষিত হন?
  - খ) কবিরাজরা নিমগাছের প্রশংসায় পঞ্চমুখ কেন?
  - গ) উদ্দীপকের খোদেজা 'নিমগাছ' গল্পের কোন চরিত্রের প্রকাশ ঘটিয়েছে?
  - ঘ) উদ্দীপক ও গল্পের মূল চেতনা অভিন্ন। - বিশ্লেষণ কর।